

১৫/১২/১৯

১৯.১২.১৯

তারিখ : ২৩ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ।
০৮ ডিসেম্বর, ২০১৯ খ্রি:।

প্রজ্ঞাপন

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ৩০-০৯-২০১৯খ্রিঃ তারিখে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর সার্বিক উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক বিষয়ে অনুষ্ঠিত সভার ৪নং সিদ্ধান্তের প্রেক্ষিতে মেরিটাইম লেভার কনভেনশন-২০০৬ (MLC-2006) এর রেগুলেশন ৪.৪ ও ৪.৫ অনুযায়ী নাবিকদের Shore based welfare facilities এবং সামাজিক নিরাপত্তা ও অন্যান্য নাবিক কল্যাণ কার্যক্রম সম্পাদনকল্পে ১ মার্চ ২০০৮খ্রিঃ তারিখে “Guide Line of the Seamen’s Welfare Fund” এর অনূচ্ছেদ-৩ মূলে গঠিত “নাবিক কল্যাণ তহবিল” পরিচালনা কমিটি সংশোধন করে বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ, ১৯৮৩ এর ৫০৬ ধারার প্রদত্ত ক্ষমতাবলে নিম্নে বর্ণিত সদস্যবর্গের সমন্বয়ে “নাবিক কল্যাণ তহবিল পরিচালনা কমিটি” পুনঃগঠন করা হ’লঃ

ক্র.সং.	নাম	পদ
১.	পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম	সভাপতি
২.	যুগ্মসচিব/উপসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য
৩.	ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর একজন প্রতিনিধি	সদস্য
৪.	উপপরিচালক (শিপিং), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা	সদস্য
৫.	শিপিং মাস্টার, সরকারী সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম	সদস্য
৬.	সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীফারার্স ইউনিয়ন, চট্টগ্রাম	সদস্য
৭.	সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীম্যান্স এসোসিয়েশন, চট্টগ্রাম	সদস্য
৮.	বিদেশি জাহাজ মালিক সমিতি (আইএমইসি) এর একজন প্রতিনিধি	সদস্য
৯.	ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স হক এন্ড সন্স লিঃ, চট্টগ্রাম	সদস্য
১০.	সহকারী পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম	সদস্য সচিব

উপঃ শিঃ মাস্টার.....
পঃ শিঃ মাস্টার.....
সহঃ হিঃ রঃ কঃ.....
অফিস তত্ত্বাবধায়ক.....
সি ডি সি শাখা.....
সি ডি সি শাখা.....
সি ডি সি শাখা.....

২। কমিটির কার্যপরিধিঃ

- (ক) নাবিক ও তার পরিবারের নির্ভরশীল সদস্যদের চিকিৎসায় আর্থিক সহায়তা সুবিধা প্রদান (Medical Care);
- (খ) চাকুরীরত অবস্থায় দুর্ঘটনা জনিত কারণে আহত হলে চিকিৎসায় সহায়তা প্রদান;
- (গ) কোন নাবিক কর্মরত অবস্থায় দুর্ঘটনা বা অসুস্থতা জনিত কারণে জাহাজে চাকুরী করিতে অক্ষম হইলে আর্থিক সহায়তা প্রদান;
- (ঘ) দুঃস্থ, অসুস্থ নাবিকদের এবং তাদের উপর নির্ভরশীল পরিবারের সদস্যদের ও মৃত নাবিকের পরিবারের সদস্যদের আর্থিক সহায়তা প্রদান;
- (ঙ) প্রাকৃতিক দুর্যোগে কিংবা কোন দুর্ঘটনা বা বিশেষ অসুবিধারক্ষেত্রে দেশে বা বিদেশে অবস্থানরত নাবিকদের জরুরী আর্থিক সাহায্য প্রদান;
- (চ) নাবিক ও তাদের সন্তানদের ভিত্তি মূলক প্রশিক্ষণ, শিক্ষায় আর্থিক সহায়তা প্রদান;
- (ছ) নাবিক এবং নাবিকের উপর নির্ভরশীল পরিবারের সদস্যদের মৃত্যুতে দাফন কাফন/সৎকার কাজে আর্থিক সহায়তা প্রদান;
- (জ) নাবিকদের খেলাধুলা, চিত্তবিনোদনমূলক কার্যক্রমে আর্থিক সহায়তা প্রদান;
- (ঝ) কমিটির নিকট গ্রহণযোগ্য অন্যবিধ নাবিক কল্যাণ মূলক কাজে সহায়তা প্রদান।
- ৩। প্রজ্ঞাপন জারীর তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।
- ৪। সভাপতির অনুমোদনক্রমে কমিটি নিয়মিত ভাবে ০৪ মাস অন্তর অন্তর কমিটির সভা আহবান করবেন।
- ৫। সভাপতি ও সদস্য সচিব এর যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হবে।
- ৬। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৫/১২/১৯
(এ.টি.এম. আজহারুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৬১৭।